আজকের কাগজ

5

তারিখ 2 3 AUG ১৯৯৬
পৃষ্ঠা ৩ কলাম ৪

# গ্রন্থাগার আন্দোলন গড়ে তোলার আহ্বান

কাগজ প্রতিবেদক ঃ কলেজ পর্যায়ে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষার সম্ভাবনাও প্রয়োজনীয়তা শীর্ষক সেমিনারে বক্তারা গ্রন্থাগার আন্দোলন গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। শিক্ষাকে যুগোপযোগী ও কর্মমুখি করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়টি ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ানোর ব্যবস্থা গ্রহণের ওপর বক্তারা গুরুত্বারোপ করেন। লালমাটিয়া মহিলা মহাবিদ্যালয় গণউন্নয়ন গ্রন্থাগার ও ঢাকা বিদ্যালয়ের গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগ যৌথভাবে এই সেমিনারের আয়োজন করে। গতকাল সকালে লালমাটিয়া কলেজের সম্মেলন কক্ষে সেমিনারটি অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষা মারেফা খাতুন। আলোচনায় অংশ নেন লালমাটিয়া কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি কাজী জামাল উদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মিসেস সুরাইয়া বেগম, ঢাকাস্থ ব্রিটিশ হাইকমিশনের প্রোগ্রাম অফিসার দিলরুবা হায়দার, এসএম মান্নান খম আব্দুল আউয়াল, মোঃ হারুন-অর রশিদ, সুলতান উদ্দিন আহমেদ, আফম বদিউর রহমান ও মেজবাউল ইসলাম। সেমিনারের মূল প্রবন্ধ পাঠ করেন গণউন্নয়ন গ্রন্থাগারের প্রোগ্রাম অফিসার মিনহাজ উদ্দীন আহাম্মদ। আলোচকরা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়টি শিক্ষা ব্যবস্থার সকল পর্যায়ে চালুর সুফল সম্পর্কে আলোকপাত করেন। সেই সঙ্গে এই বিষয়ে পড়ার আগ্রহ ও প্রয়োজনীয়তা উপলব্ধির জন্যে সকল প্রতিষ্ঠান, সামাজিক প্রতিষ্ঠানে লাইব্রেরি স্থাপনের আহ্বান জানান। তারা বলেন, লাইব্রেরি ব্যবহার করতে হলে কতিপয় নিয়মকানুন জানতে হবে আবার তা পরিচালনার জন্যে লাইব্রেরিয়ানও প্রয়োজন। এই দুই প্রয়োজনের তাগিদ থেকে ছাত্রছাত্রিরা তথ্যবিজ্ঞান বিষয়ে পড়তে আগ্রহী হবে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন।

মূল প্রবন্ধে বলা হয়, কলেজ পর্যায়ে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানকে একটি বিষয় হিসেবে শিক্ষাদান করা হলে দেশের শিক্ষাক্ষেত্রে নতুন দিগন্তের উন্মোচন হবে। এটি একটি সময়োপযোগী ও প্রয়োগিক এবং কারিগরি বিষয়। বর্তমান সরকারের শিক্ষানীতিতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়টিকে ঐচ্ছিক বিষয় হিসেবে পড়ানোর সুপারিশ করা হয়েছে বলে উল্লেখ করা হয়। লালমাটিয়া মহিলা কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি কাজী জালাল উদ্দিন আহমদ চলতি শিক্ষাবর্ষ থেকে উক্ত কলেজে স্নাতক পর্যায়ে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়টি চালু করা হবে বলে জানান।